

“আঞ্চলিক উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র কুমিল্লাকে আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্রে উন্নীতকরণ” শীর্ষক প্রকল্পের অর্থায়নে গত এপ্রিল/২০২২ খ্রিস্টাব্দে বারি লেবু-৬ নামে লেবুর একটি নতুন জাত নিবন্ধিত হয়েছে। জাতটির নিবন্ধনে গবেষণা সম্পর্কিত সার্বিক কাজ আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, কুমিল্লা কর্তৃক সম্পাদিত হয়েছে।

কৃষিই সমৃদ্ধি



নিয়ন্ত্রিত/  অনিয়ন্ত্রিত ফসলের জাত নিবন্ধনের প্রত্যয়নপত্র

নিবন্ধন নম্বর: ০৪(০৭)-১৭/২২ ..... তারিখ: ২৫/০৪/২০২২

ফসলের নাম: লেবু ..... ফসলের ইংরেজি নাম: Lemon

বৈজ্ঞানিক নাম: Citrus limon

নিবন্ধিত জাতের নাম: বারি লেবু-৬ (BARI Lebu-6)

জাতটির উৎস: বাংলাদেশ

জাতটির ধরন:  ইনব্রিড  হাইব্রিড  অন্যান্য

চাষের জন্য সুপারিশকৃত অঞ্চল: সমগ্র বাংলাদেশ;

শনাক্তকারী বৈশিষ্ট্য: (১) নিয়মিত ফলদানকারী গাছ এবং সারা বছর ফসল সংগ্রহ করা যায়;

(২) গাছের গড় উচ্চতা ২.২ মিটার, মধ্যম আকারের ফল, গড় ওজন ১৬৩.৮ গ্রাম;

(৩) বহিরাবণ মসৃণ, ফলের স্বাদ হালকা টক, রসের পরিমাণ খুব বেশি ও সুস্বাদুযুক্ত;

(৪) ফলের ভক্ষণযোগ্য অংশ ৬৭.১৮%, গড় টিএসএস ৫.৯৮%;

(৫) ফলের অভ্যন্তরে ১৩-১৪টি খন্ড বিদ্যমান;

গড় ফলন ২৭.৫০ টন/হেক্টর;

আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা: Bangladesh Agricultural Research Institute (BARI)  
Joydebpur, Gazipur-1701

বিজ্ঞান বিভাগ: বীজ

ডিলার নিবন্ধন নম্বর ও তারিখ: SW/MoA/004, Date: 01.01.1998

এর বর্ণিত জাতটি জাতীয় বীজ বোর্ড কর্তৃক নিবন্ধন করা হলো।

আবেদনকারীকে নিবন্ধনকৃত জাতটির গুণগতমান ও বৈশিষ্ট্য বজায় রাখার দায় বহন করতে হবে। জাতটি হাইব্রিড হলে “উৎপাদিত ফসল থেকে বীজ রাখা যাবে না” কথাটি বীজের মোড়কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। জাতটির নিবন্ধনের প্রত্যয়নপত্র কৃষক পর্যায়ে বিতরণকৃত বীজের গুণগতমানের নিশ্চয়তা প্রদান করে না। বীজ আইন ও বিধি অনুযায়ী প্রয়োজনে জাতটির নিবন্ধন প্রত্যাহার করা হতে পারে।



আদেশক্রমে

সচিব, জাতীয় বীজ বোর্ড  
এবং  
মহাপরিচালক, বীজ অনুবিভাগ  
কৃষি মন্ত্রণালয়

# বারি লেবু-৬



বারি লেবু-৬ মাঠ মূল্যায়নের ছবি



বারি লেবু-৬



বারি লেবু-৬

### উল্লেখযোগ্য বৈশিষ্ট্য:

- ১। নিয়মিত ফলদানকারী উচ্চফলনশীল জাত।
- ২। ফলের বহিরাবরণ মসৃণ।
- ৩। ফল খুবই সুঘ্রাণযুক্ত ও রসালো।
- ৪। সারা বছর ফল সংগ্রহ করা যায়।
- ৫। প্রতিটি ফলের গড় ওজন ১৬৩.৮ গ্রাম।
- ৬। ৫ বছর বয়সী প্রতিটি গাছে গড়ে ফলের সংখ্যা ৩২০ টি এবং ফলন: প্রতি বছরে ৩০.১ কেজি/গাছ এবং ২৭.৫০ টন/হেঃ।
- ৭। ফলের ভক্ষণযোগ্য অংশ ৬৭.১৮% এবং ১৩-১৪ টি প্রকোষ্ঠ বিশিষ্ট।

7/5/2022

